

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১১৩৭  
আগরতলা, ২৩ জুন, ২০১৮

ড. শ্যামা প্রসাদ মুখার্জি মার্গ নামাঙ্কিত  
সিটি সেন্টার - কৃষ্ণনগর টি আর টি সি রোড

ড. শ্যামা প্রসাদ মুখার্জির বলিদান দিবসে আজ বিকাল ৫.৩০ মিনিটে এক অনুষ্ঠানের মাধ্যমে আগরতলার সিটি সেন্টারের মোড় থেকে কৃষ্ণনগর টি আর টি সি ট্রাইজংশন পর্যন্ত রাস্তাকে 'ড. শ্যামা প্রসাদ মুখার্জি মার্গ' নামে নামাঙ্কিত করা হয়। মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব সিটি সেন্টার সংলগ্ন মোড়ের উত্তরাংশে এ উপলক্ষে একটি ফলক উন্মোচন করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রীর অতিরিক্ত সচিব ডা: মিলিন্দ রামটেকে ও আগরতলা পুর নিগমের কমিশনার ডা: শৈলেশ কুমার যাদব।

\*\*\*\*\*